গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ৯নং বল্লা ইউনিয়ন পরিষদ কার্যালয়

উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল।

স্মারক নং-চেঃ/বঃ/ইউপিঃ/ তারিখ ঃ

প্রেরকঃ চেয়ারম্যান
৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
কালিহাতী, টাঙ্গাইল।

প্রাপকঃ উপজেলা র্নিবাহী অফিসার
কালিহাতী,টাঙ্গাইল।

বিষয় ঃ <u>২০২৩-২০২৪ইং অর্থ বছরের সম্ভাব্য বাজেট দাখিল প্রসঙ্গে।</u>

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র ৯নং বল্লা ইউনিয়ন পরিষদের আগামী ২০২৩-২০২৪ ইং অর্থ বছরের সম্ভাব্য বাজেট প্রস্তুত করা হইয়াছে। উক্ত বাজেটের ০৩ (তিন) প্রস্থ এতদসঙ্গে মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের নিমিত্ত দাখিল করিলাম।

সংযুক্ত ঃ ৩ (তিন) প্রস্থ।

(মোঃ ফরিদ আহমেদ)
চেয়ারম্যান
৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
কালিহাতী, টাঙ্গাইল।

স্মারক নং-চেঃ/বঃ /ইউপিঃ/ তারিখ

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ</u>

১। জেলা প্রশাসক, টাংগাইল।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতী, টাংগাইল।
৩। সভাপতি/সম্পাদক প্রেস ক্লাব, কালিহাতী ।
৪। অফিস কপি।

(মোঃ ফরিদ আহমেদ)
চেয়ারম্যান
৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
কালিহাতী, টাঙ্গাইল।

# ৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
## উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল।
## ‘বাজেট ফরম ‘ক’
## [ বিধি ৩ (২) দ্রষ্টব্য]
## অর্থবছর : ২০২৩-২০২৪
## বাজেট সার-সংক্ষেপ

| বিবরণ | | পূর্ববর্তী বৎসরের প্রকৃত বাজেট (২০২১-২০২২) | চলতি বৎসরের বাজেট বা চলতি বৎসরের সংশোধিত বাজেট (২০২২-২০২৩) | পরবর্তী বৎসরের বাজেট (২০২৩-২০২৪) |
|---|---|---|---|---|
| অংশ-১ | রাজস্ব হিসাব, প্রাপ্তি | | | |
| | রাজস্ব | ২২,১০,৭০৮.০০ | ২৩,২০,০০০.০০ | ১৮,৬৫,১০২.০০ |
| | অনুদান | ১,৬২,৪৫০.০০ | ৩,০০,০০০.০০ | ২৪,০৪,৩০৪.৪২.০০ |
| | মোট প্রাপ্তি | ২৩,৭৩,১৫৮.০০ | ২৬,২০,০০০.০০ | ৪২,৬৯,৪০৬.৪২ |
| | বাদ রাজস্ব ব্যয় | ৩৭,১৯,৬৯৮.০০ | ৪৭,২০,৭৪০.০০ | ৩৯,৩৪,৩৪৪.২২ |
| | রাজস্ব উদ্বৃত্ত/ঘাটতি (ক) | ১৩,৪৬,৫৪০.০০ | ২১,০০,৭৪০.০০ | ৩,৩৫,০৬২.২০ |
| অংশ-২ | উন্নয়ন হিসাব | | | |
| | উন্নয়ন অনুদান | ১৩,০২,০৯০.০০ | ৪৭,০০,০০০.০০ | ১৮,০০,০০০.০০ |
| | অন্যান্য অনুদান ও চাঁদা | ১,৩২,৩৪,০৮১.০০ | ২,০০,৫৬,৫৭৮.০০ | ১,০২,৩৫,০৬২.২০ |
| | মোট (খ) | ১,৪৫,৩৬,১৭১.০০ | ২,৩৭,৫৬,৫৭৮.০০ | ১,২০,৩৫,০৬২.২০ |
| | মোট প্রাপ্ত সম্পদ (ক+খ) | ১,৫৮,৮২,৭১১.০০ | ২,২১,৫৭,৩১৮.০০ | ১,২৩,৭০,১২৪.৪০ |
| | বাদ উন্নয়ন ব্যয় | ১,৪৭,৮৭,১০৫.০০ | ২,৩৭,৫৬,৫৭৮.০০ | ১,২০,৩৫,০৬২.২০ |
| | সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি | ১০,৯৫,৬০৬.০০ | ১৫,৯৯,২৬০.০০ | ৩,৩৫,০৬২.২০ |
| | যোগ প্রারম্ভিক জের (১ জুলাই) | ৬,১৩,০৩৬.০০ | | ৩,৫০,০০০.০০ |
| | সমাপ্তি জের | ১,৭৫,২২,৩৬৫.০০ | ২,৬৩,৭৬,৫৭৮.০০ | ১,৬৩,০৪,৪৬৮.৬২ |

সচিব
৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল।

চেয়ারম্যান
৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল।

'ইউনিয়ন পরিষদ বাজেট ফরম খ'

[ বিধি-৩(২) এবং আইনের চতুর্থ তফসিল দ্রষ্টব্য]

# ৯নং বল্লা ইউনিয়ন পরিষদের বাজেট

## অর্থবৎসর-২০২৩-২০২৪

অংশ-১ রাজস্ব হিসাব

প্রাপ্ত আয়

| প্রাপ্তির বিবরণ | | পূর্ববর্তী বৎসরের প্রকৃত আয় (টাকা) (২০২১-২০২২) | চলতি বৎসরের বাজেট/সংশোধিত বাজেট (টাকা) ২০২২-২০২৩ | পরবর্তী বৎসরের বাজেট (২০২৩-২০২৪) |
|---|---|---|---|---|
| ১ | | ২ | ৩ | ৪ |
| ক্র: | | | | |
| ১ | পারম্ভিক জেরঃ | ৬,১৩,০৩৬.০০ | | ১,৩০,০০০.০০ |
| ২ | ইমারত/ভূমির বার্ষিক মূল্যের উপর কর অথবা ইউনিয়ন রেইট | ১৫,৮০,৩৯৮.০০ | ১২,৫০,০০০.০০ | ১২,৫০,০০০.০০ |
| ৩ | ঐ বকেয়া | | ৩,৫০,০০০.০০ | ১৯,৬০২.০০ |
| ৪ | পেশা, ব্যবসা এবং বৃত্তির (কলিং) উপর কর | | | ১৫,০০০.০০ |
| ৫ | লাইসেন্স এবং পারমিটের উপর ফি | ২,০৪,৫১০.০০ | ৩,০০,০০০.০০ | ২,৫০,০০০.০০ |
| ৬ | পাকা ইমরতের সর্বমোট আয়তনের প্রতি বর্গফুটের উপর নির্ধারিত হারে ইমারত পরিকল্পনা অনুমোদন ফি | | | ১০,০০০.০০ |
| ৭ | সিনেমা, ড্রামা ও নাট্য প্রদর্শনী এবং অন্যান্য আমোদ প্রমোদ এবং চিত্তবিনোদনের উপর কর | | ১০,০০০.০০ | ১০,০০০.০০ |
| ৮ | মটর যান ব্যতিত অন্যান্য যানবাহনের উপর লাইসেন্স ফি | | ৫০,০০০.০০ | ৩০,০০০.০০ |
| ৯ | হাট-বাজার এবং ফেরিঘাট হইতে ফি (লীজ মানি, খোয়াড়সহ) | | | ১৫,০০০.০০ |
| ১০ | নিকাহ নিবন্ধন ফি | | | ৫,০০০.০০ |
| ১১ | ভূমি উন্নয়ণ কর সংক্রান্ত আয়ের অংশ | | | ১০,০০০.০০ |
| ১২ | বিজ্ঞাপনের উপর কর | | | ৫,০০০.০০ |
| ১৩ | কর সংক্রান্ত বিধানের অধীনে অন্য যে কোন কর | | ২,০০,০০০.০০ | ১০,০০০.০০ |
| ১৪ | জন্ম-মৃত্যু নিবন্ধন সনদ/সংশোধন | ৩,৩৩,৩০০.০০ | ১,৫০,০০০.০০ | ৫০,০০০.০০ |
| ১৫ | গ্রাম আদালত | | ৫,০০০.০০ | ৫০০.০০ |
| ১৬ | হাটাবাজার ইজারা চুক্তি মূল্যের ১% হারে ইজারাদারের নিকট হতে প্রাপ্ত আয় (বাজার কর) | | | ৫,০০০.০০ |
| ১৭ | চেয়ারম্যান ও সদস্যদের সম্মানী ভাতা | | | ৫,৭২,৪০০.০০ |
| ১৮ | সচিব ও গ্রাম পুলিশের বেতন ভাতাদি | | | ১৬,৮১,৯০৪.৪২ |
| ১৯ | হাটবাজার (অবস্থানগত সুবিধা ৫%) | ১,৬২,৪৫০.০০ | ৩,০০,০০০.০০ | ১,৫০,০০০.০০ |
| ২০ | বিবিধ | ৯২,৫০০.০০ | ৫,০০০.০০ | ৫০,০০০.০০ |
| | মোট | ২৯,৮৬,১৯৪.০০ | ২৬,২০,০০০.০০ | ৪২,৬৯,৪০৬.৪২ |

# ৯নং বল্লা ইউনিয়ন পরিষদ

উপজেলা: কালিহাতী, জেলা: টাঙ্গাইল।

অংশ-১-রাজস্ব হিসাব-ব্যয়

| ব্যয়ের খাত | পূর্ববর্তী বৎসরের প্রকৃত ব্যয় (২০২১-২০২২) | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট (২০২২-২০২৩) | পরবর্তী বৎসরের বাজেট (২০২৩-২০২৪) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। সাধারণ সংস্থাপন/প্রাতিষ্ঠানিক | | | |
| ক. সম্মানী/ভাতা/(বকেয়াসহ) (১০০%) | ৫,৭২,৪০০.০০ | ১২,৭২,০০০.০০ | ১২,৭২,০০০.০০ |
| খ.কর্মকর্তা ও কর্মচারী | ৯,৫৪,০২৫.০০ | ১৬,০৭,৯০০.০০ | ১৮,৯৭,৯০৪.৪২ |
| (১) পরিষদ কর্মচারি | | | |
| (২) দায়মুক্ত ব্যয় (সরকারী কর্মচারী সম্পর্কিত) | | | |
| গ. অন্যান্য প্রাতিষ্ঠানিক ব্যয় | | ১,০০,০০.০০ | ১,২০,০০০.০০ |
| ঘ. আনুতোষিক তহবিলে স্থানান্তর | | | ৪৮,১১৯.৪০ |
| ঙ. যানবাহন মেরামত ও জ্বালানী | | ৫০,০০০.০০ | ৮,৪০০.০০ |
| ২। কর আদায়ের জন্য ব্যয় (২০%) | ২,১১,৯৮৯.০০ | ২,৬৩,৩০০.০০ | ২,৫৩,৯২০.৪০ |
| ৩। অন্যান্য ব্যয় | | | |
| ক. অভ্যন্তরিন নিরীক্ষা ব্যয় | | ৬০,০০০.০০ | ১৫,০০০.০০ |
| খ. বিদ্যুৎ বিল | ২৯,৪৬৭.০০ | ২৫,০০০.০০ | ২৭,০০০.০০ |
| গ. ফটোকপি | | | ২০,০০০.০০ |
| ঘ. প্রিন্টিং স্টেশনারী | ৪১,২৯০.০০ | ৬০,০০০.০০ | ৭৫,০০০.০০ |
| ঙ. সার্ভিস চার্জ (নিজস্ব তহবিল) | ৪,৪৩৮.০০ | ৬,০০০.০০ | ২,০০০.০০ |
| চ. ভূমি উন্নয়ন কর | | ৫,০০০.০০ | ৫,০০০.০০ |
| ছ. সার্ভিস চার্জ (জন্ম -মৃত্যু) | | | ১,০০০.০০ |
| জ. আপ্যায়ন ব্যয় | ২,১৭,৮২০.০০ | ৭০,০০০.০০ | ৫০,০০০.০০ |
| ঝ. রক্ষণাবেক্ষণ এবং সেবা প্রদানজনিত ব্যয় | ৮,৩৮,৫৬৯.০০ | ৮০,০০০.০০ | ৫০,০০০.০০ |
| ঞ. অন্যান্য পরিশোধযোগ্য কর/বিল | ৭১,৫০০.০০ | | |
| ট. আনুষাঙ্গিক ব্যয় | | ১,৫০,০০০.০০ | ৫০,০০০.০০ |
| ঠ. গ্রাম আদালত | | ২৫,০০০.০০ | |
| ড. বাজেট সভা | | ৬০,০০০.০০ | |
| ন. ওয়ার্ড সভা | | ৩৬,০০০.০০ | |
| প. সাহায্য | | ২৫,০০০.০০ | |
| ফ. পত্রিকা | | ৫,০০০.০০ | |
| ব. যাতায়াত | | ৩০,০০০.০০ | |
| ভ. পারস্পরিক শিখন | | ৫০,০০০.০০ | |
| ণ. কৃষি ও বাজার | ১,৬২,০০০.০০ | | |
| ত. মানব সম্পদ | ২,৪০,৪০০.০০ | | |
| থ. জন্ম নিবন্ধন | ৩,৫৫,৮০০.০০ | | |
| দ. জালানী | ২০,০০০.০০ | | |
| ৪। কর আদায় খরচ (বিভিন্ন রেজিস্টার, ফরম, | | ৫০,০০০.০০ | ৫০,০০০.০০ |
| ৫। বৃক্ষরোপন ও রক্ষনাবেক্ষণ | | ৫০,০০০.০০ | ২৫,০০০.০০ |
| ৬। সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান : | | ২০,০০০.০০ | |
| ক. ইউনিয়ন এলাকার বিভিন্ন প্রতিষ্ঠান/ক্লাবে | | ৫০,০০০.০০ | |
| ৭। জাতীয় দিবস উদযাপন | | ৫০,০০০.০০ | ২০,০০০.০০ |
| ৮। ভিজিডি পরিবহন | | ৩০,০০০.০০ | |
| ৯। রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন হিসাবে স্থানান্তর | | ২,৮০৫৪০.০০ | ২,১৯,০৬২.২০ |
| ১০। খেলাধুলা | | ১,৫০,০০০.০০ | ১০,০০০.০০ |
| বিবিধ | | ৬০,০০০.০০ | ৫০,০০০.০০ |
| মোট ব্যয় (রাজস্ব হিসাব) | ৩৭,১৯,৬৯৮.০০ | ৪৭,২০,৭৪০.০০ | ৪২,৬৯,৪০৬.৪২ |

সচিব
৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল।

চেয়ারম্যান
৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল।

# ৯নং বল্লা ইউনিয়ন পরিষদ

উপজেলা: কালিহাতী, জেলা: টাঙ্গাইল।

অংশ-২-উন্নয়ন হিসাব

## প্রাপ্তি

| প্রাপ্তির বিবরণ | পূর্ববর্তী বৎসরের প্রকৃত ব্যয় (২০২১-২০২২) | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট (২০২২-২০২৩) | পরবর্তী বৎসরের বাজেট (২০২৩-২০২৪) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। অনুদান (উন্নয়ন) | | | |
| ক. উপজেলা পরিষদ | | | |
| ১। টি আর | ৫,৪৫,৭০০.০০ | ১২,০০,০০০.০০ | ১০,৫০,০০০.০০ |
| ২। কাবিখা/কাবিটা | ১১,০৮,০১০.০০ | ২২,৫০,০০০.০০ | ১৮,৫০,০০০.০০ |
| ৩। ইজিপিপি | ৩০,৭২,০০০.০০ | ৩২,০০,০০০.০০ | ৩২,০০,০০০.০০ |
| ৪। এডিপি | ১২,০০,০০০.০০ | ১৫,০০,০০০.০০ | ৮,০০,০০০.০০ |
| ৫। স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% | ১৫,৭৫,০০০.০০ | ২০,০০,০০০.০০ | ২০,০০,০০০.০০ |
| খ. সরকার | | | |
| ১। এলজিএসপি(বিবিজি) | ১১,৭৫,৩৪০.০০ | ৩২,০০,০০০.০০ | ১২,৫০,০০০.০০ |
| ২। এলজিএসপি(পিবিজি) | ১,২৬,৭৫০.০০ | ১৫,০০,০০০.০০ | ৫,৫০,০০০.০০ |
| গ. অন্যান্য উৎস (যদি থাকে) উন্নয়ন সহায়তা | ১১,৩৮,৮৯১.০০ | ৪৩,২৬,৪২৫.০০ | ১১,১৬,০০০.০০ |
| ২। ভিজিডি/ভিজিএফ | ৪৫,৯৪,৪৮০.০০ | ৪৫,৮০,১৫৩.০০ | |
| ৩। রাজস্ব উদ্বৃত্ত | | | ২,১৯,০৬২.২০ |
| মোট প্রাপ্তি (উন্নয়ন হিসাব) | ১,৪৫,৩৬,১৭১.০০ | ২,৩৭,৫৬,৫৭৮.০০ | ১,২০,৩৫,০৬২.২০ |

সচিব
৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল।

চেয়ারম্যান
৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল।

# ৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
উপজেলা: কালিহাতী, জেলা: টাঙ্গাইল।
অংশ-২-উন্নয়ন হিসাব ব্যয়

| ব্যয়ের খাত | পূর্ববর্তী বৎসরের প্রকৃত ব্যয় (২০২১-২০২২) | চলতি বৎসরের বাজেট বা সংশোধিত বাজেট (২০২২-২০২৩) | পরবর্তী বৎসরের বাজেট (২০২৩-২০২৪) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। কৃষি ও সেচ | | ৬,০০,০০০.০০ | ৪,৫০,০০০.০০ |
| ২। শিল্প ও কুটিরশিল্প | | ৬,০০,০০০.০০ | ৩,৫০,০০০.০০ |
| ৩। ভৌত অবকাঠামো | ৯৫,২৪,৫২৫.০০ | ১,৪৩,২১,০০০.০০ | ৬৪,৩৫,০৬২.২০ |
| ৪। আর্থসামাজিক অবকাঠামো | | ১০,০০,০০০.০০ | ২০,০০,০০০.০০ |
| ৫। ক্রীড়া সংস্কৃতি | | ৩,০০,০০০.০০ | ২,৫০,০০০.০০ |
| ৬। বিবিধ (প্রয়োজনে অন্যান্য খাতের এইরূপ ব্যয় উল্লেখ করিতে হইবে) | ২,৫০,৯২৪.০০ | ১,০০,০০০.০০ | ৫,৫০,০০০.০০ |
| ৭। সেবা | | | |
| ৮। শিক্ষা | ২,৯০,৪২৬.০০ | ৬,০০,০০০.০০ | ৪,৫০,০০০.০০ |
| ৯। স্বাস্থ্য /পানি সরবরাহ | ১,২৬,৭৫০.০০ | ৮,০০,০০০.০০ | ৫,০০,০০০.০০ |
| ১০। দারিদ্র হ্রাসকরণ ঃ সামাজিক নিরাপত্তা ও প্রাতিষ্ঠানিক সহায়তা | ৪৫,৯৪,৪৮০.০০ | ১,০০,০০০.০০ | ৩,৫০,০০০.০০ |
| ১১। পল্লী উন্নয়ন ও সমবায় | | | ২,৫০,০০০.০০ |
| ১২। মহিলা, যুব ও শিশু উন্নয়ন | | | ১,৫০,০০০.০০ |
| ১৩। দুর্যোগ ব্যবস্থা ও ত্রান | | ৪০,৮০,১৫৩.০০ | ৩,০০,০০০.০০ |
| ১৪। সমাপ্তি জের | | ৪,৫৫,৪২৫.০০ | ৩,৫০,০০০.০০ |
| মোট ব্যয় (উন্নয়ন হিসাব) | ১,৪৭,৮৭,১০৫.০০ | ২,৩৭,৫৬,৫৭৮.০০ | ১,২০,৩৫,০৬২.২০ |

সচিব
৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল।

চেয়ারম্যান
৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল।

# ৯নং বল্লা ইউনিয়ন পরিষদ

উপজেলা: কালিহাতী, জেলা: টাঙ্গাইল।

## ইউনিয়ন পরিষদ কর্মকর্তা ও কর্মচারীদের বিবরণী

অর্থবৎসর-২০২৩-২০২৪

| বিভাগ/ শাখা | ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম | বাড়ি ভাড়া | স্বাস্থ্য | শিক্ষা | টিফিন | মাসিক গড় অর্থের পরিমাণ | বাৎসরিক প্রাক্কলিত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | | ৯ | ১০ | ১১ |
| ইউনিয়ন পরিষদ | ১ | সচিব | ০১ | ২৮,৭৯১ | ১১,৫৬৪.৪০ | ১,৫০০ | ১,০০০ | ২০০ | ৪৩,০৫৫.৪০ | ৫,১৬,৬৬৪.৮০ | |
| | | উৎসব ভাতা ২টি = ২× ২৮,৭৯১ | | | | | | | | =৫৭,৫৮২ | |
| | | বৈশাখী ভাতা মূল বেতনের ২০% | | | | | | | | ৮,৬১১.০৮ | |
| | ২ | হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০১ | ১১,৩০৮.৫০ | ৫০৮৮.২২ | ১৫০০ | | ২০০ | ১৮,০৯৭.৩২ | ২,১৭,১৬৭.৮৪ | |
| | | উৎসব ভাতা ২টি = ২× =১১,৩০৮,৫০ | | | | | | | | =২২,৬১৭.০০ | |
| | | বৈশাখী ভাতা মূল বেতনের ২০% | | | | | | | | ২২৬১.৭০ | |
| | ৩ | দফাদার | ১ | (নির্ধারিত ৭০০০/= | | | | | ৭০০০/= | ৮৪,০০০.০০ | |
| | | ঐ | ১ | উৎসব ভাতা | ২টি | | | | | ১৪,০০০.০০ | |
| | | ঐ | ১ | যাতায়াতা ভাতা প্রতি সপ্তাহে ৩০০ টাকা (নির্ধারিত) | | ৫২×৩০০ | | | | ১৫,৬০০.০০ | |
| | ৪ | মহল্লাদার | ৯ | ৬,৫০০.০০ (নির্ধারিত) | ৬৫০০×৯×১২ | | | | ৫৮,৫০০ | ৭,০২,০০০.০০ | |
| | | ঐ | ৯ | উৎসব ভাতা | ২টি | ৬৫০০×২×৯ | | | | ১,১৭,০০০ | |
| | | ঐ | ৯ | যাতায়াতা ভাতা প্রতি সপ্তাহে ৩০০ টাকা (নির্ধারিত) | | ৩০০×৯×৫২ | | | ১০,৮০০ | ১,৪০,৪০০০ | |
| | | | | | | | | মোট = | ১,৩৭,৪৫২.৭২ | ১৮,৯৭,৯০৪.৪২ | |

সচিব
৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল।

চেয়ারম্যান
৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
উপজেলাঃ কালিহাতী, জেলাঃ টাঙ্গাইল।

# ইউনিয়ন পরিষদ বিশেষ (বাজেট) সভার কার্য বিবরণীর অনুলিপি

সভাপতি ঃ জনাব মোঃ ফরিদ আহমেদ, চেয়ারম্যান, ৯নং বল্লা ইউনিয়ন পরিষদ, কালিহাতী, টাংগাইল।

সভার স্থান ঃ ৯নং বল্লা ইউনিয়ন পরিষদ আঙ্গিনা, কালিহাতী, টাংগাইল।

সভার তারিখ ঃ ২৮/০৫/২০২০ ইং, সময়-সকাল- ১১.০০ ঘটিকা।

## সভায় উপস্থিত সদস্যদের নাম ঃ

| ক্রমিক নং | নাম | ঠিকানা | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ ফরিদ আহমেদ | রামপুর | চেয়ারম্যান | অস্পষ্ট | |
| ০২ | জনাব নাছিমা আক্তার | বল্লা | সদস্য | অস্পষ্ট | |
| ০৩ | জনাব মোসাঃ নুরজাহান | দড়ি খশিলা | সদস্য | অস্পষ্ট | |
| ০৪ | জনাব ছালমা খানম | কামান্না | সদস্য | অস্পষ্ট | |
| ০৫ | জনাব মোঃ সাইফুল ইসলাম | বল্লা | সদস্য | অস্পষ্ট | |
| ০৬ | জনাব আবুল সরকার | বল্লা | সদস্য | অস্পষ্ট | |
| ০৭ | জনাব মোঃ আবু বক্কর | বল্লা | সদস্য | অস্পষ্ট | |
| ০৮ | জনাব মোঃ গোলাম হোসেন | মমিন নগর | সদস্য | অস্পষ্ট | |
| ০৯ | জনাব মোঃ মাইন উদ্দিন | রামপুর | সদস্য | অস্পষ্ট | |
| ১০ | জনাব মোঃ শামচুজ্জামান | রামপুর | সদস্য | অস্পষ্ট | |
| ১১ | জনাব মোঃ আব্দুল হামিদ | সিংগাইর | সদস্য | অস্পষ্ট | |
| ১২ | জনাব মোঃ গাজী খান | কামান্না | সদস্য | অস্পষ্ট | |
| ১৩ | জনাব মোঃ আলাউদ্দিন | কাজী বাড়ী | সদস্য | অস্পষ্ট | |
| ১৪ | জনাব মোহাম্মদ আব্দুস ছাত্তার | বল্লা ইউপি | সচিব | অস্পষ্ট | |

১। অদ্যকার বাজেট/বিশেষ সভার সম্মানিত সভাপতি ও অত্র বল্লা ইউনিয়ন পরিষদের জননন্দিত চেয়ারম্যান জনাব মোঃ ফরিদ আহমেদ সাহেবের সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হয়। সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সূচনা বক্তব্য দেন। বক্তব্যের শুরুতেই উপস্থিত সদস্যগণের হাজিরা স্বাক্ষর গ্রহন করা হয় এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করিয়া শুনানোর পর উক্ত কার্যবিবরনীতে কোন পরিবর্তন/পরিবর্ধন/সংশোধনের প্রয়োজন না হওয়ায় সর্বসম্মতিক্রমে উহা অনুমোদিত ও গৃহিত হয়।

সভাপতি মহোদয় তাঁহার সূচনা বক্তব্যে জানান যে, গত ১৮/০৪/২০২৩ইং তারিখে অনুষ্ঠিত ইউপি উন্মুক্ত বাজেট সভায় উপস্থিত এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের নিকট হতে খসড়া বাজেটের উন্নয়নপূর্ত কাজ রাস্তা, যোগাযোগ, ইমারত, স্বাস্থ্য ও স্যানিটেশন এবং শিক্ষা খাতে আয় ও ব্যয় বরাদ্দ হ্রাস বৃদ্ধি করার প্রস্তাব এবং রাজস্ব আয় হতে উন্নয়ণমূলক প্রকল্প গ্রহনের প্রস্তাব পাওয়া যায়। এসব বিষয় গুরুত্বের সাথে বিবেচনা করে খাত ভিত্তিক আলোচনাক্রমে জনগণের মতামতকে অগ্রাধিকার দিয়ে বাজেট অনুমোদনের আহবান জানান। অতঃপর খাতভিত্তিক নিম্নোক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

২। ২০২৩-২০২৪ইং অর্থ বছরের ইউপি সম্ভাব্য বাজেট অনুমোদন প্রসঙ্গে।

আলোচ্যসূচি মোতাবেক জনাব আব্দুল হামিদ সাহেব জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থ বৎসরে বসতবাড়ীর বাৎসরিক মূল্যের উপর ৪,১৬,৬৬,৬৬৭/-টাকা ভ্যালুয়েশনের বিপরীতে ৩% হিসাবে মোট = ১২,৫০,০০০/- টাকা কর খাতে হাল দাবি ধার্য আছে। আগামী ২০২৩-২০২৪ অর্থবৎসরে বসতবাড়ীর বাৎসরিক মূল্যের উপর কর খাতে হাল দাবি ১২,৫০,০০০/- টাকা রেকর্ডপত্র দৃষ্টে বকেয়া দাবী ১৯,৬০২/- টাকা প্রস্তাব করা হয়েছে। ৯টি ওয়ার্ডের উন্মুক্ত বাজেট সভা ও গত ১৮/০৪/২০২৩ইং তারিখে অনুষ্ঠিত ইউপি উন্মুক্ত বাজেট সভায় কর ধার্য ও আদায় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। কর ধার্য ও আদায় কাজে জনসাধারনের নিকট হতে কোন অভিযোগ বা সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। কর সংক্রান্ত বিষয়ে জনসাধারনের মূল দাবি ছিল আদায়কৃত করের টাকা যেন প্রকৃত জনকল্যানে ব্যয় হয় এবং ভবিষ্যতে ২০২৩-২০২৪ অর্থবৎসরে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করে জনস্বার্থে দৃশ্যমান প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন করে ইউনিয়ন পরিষদের সাথে জনগনণের সম্পৃক্ততা বৃদ্ধির আহবান জানান।

এমতাবস্থায় সার্বিক দিক বিবেচনা করিয়া ১০০% ট্যাক্স আদায়ের কর্মপরিকল্পনা নির্ধারন সহ বাজেট মোতাবেক আয় ব্যয় করার বিষয়ে উপস্থিত সকলের প্রতি অনুরোধ জানান। অতঃপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনান্তে জনাব মোছাঃ ছালমা খানমের প্রস্তাবে ও জনাব মোঃ শামচুজ্জামান সাহেবের সমর্থনে হাল দাবি ১২,৫০,০০০/- টাকা বকেয়া দাবী ১৯,৬০২/- মোট ১২,৬৯,৬০২/- টাকা সরকারী বিধি অনুসরন পূর্বক ১০০% আদায়ের স্বার্থে সকল প্রকার সনদ, লাইসেন্স ইত্যাদি ইস্যুর ক্ষেত্রে হালনাগাদ ট্যাক্স পরিশোধ আছে কি-না তা নিশ্চিত হওয়ার পরই কেবলমাত্র ঐ সকল সনদ ইস্যু করা যাবে মর্মে সিদ্ধান্ত গৃহিত ও অনুমোদিত হয়।

## (খ) পেশা ব্যবসার লাইসেন্স ফিঃ নির্ধারণ প্রসঙ্গে আলোচনা।

আলোচ্যসূচী অনুযায়ী সভাপতি মহোদয় আগামী ২০২৩-২০২৪ অর্থ বছরের পেশা ব্যবসার উপর পেশা ভিত্তিক ফিঃ ও কর নির্ধারণ করার বিষয়ে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থিত সকলের প্রতি আহ্বান জানান। জনাব মোঃ আলা উদ্দিন সদস্য সাহেব জানান যে, পেশা ব্যবসার লাইসেন্স ফি বৃদ্ধি না করিয়া চলতি বছরের বাজেটে লাইসেন্স ফি ও কর যে হারে ধার্য আছে একই ফি ও কর আগামী অর্থ বৎসরে ধার্য করার জন্য প্রস্তাব করেন। জনাব মোসাঃ নূরজাহান বেগমের সমর্থনে ও সর্বসম্মতিক্রমে লাইসেন্স ফি ও কর বৃদ্ধি না করিয়া চলতি বছরের ন্যায় আগামী অর্থ বছরেও একই ফি ও কর আদায় করার সিদ্ধান্ত গৃহিত ও অনুমোদিত হয়।

# ২০২৩-২০২৪ অর্থ বৎসরের  পেশা ভিত্তিক লাইসেন্স ফি এর তালিকা নিম্নরূপ ঃ

| ক্রঃ নং | ব্যবসা/পেশার নাম | ধার্য ফিঃ | ভ্যাট ১৫% | কর | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বিশেষ শ্রেণীর ঠিকাদার | ১,০০০/- | ১৫০/- | | ১,১৫০/- | |
| ০২ | ১ম শ্রেণীর ঠিকাদার | ১,০০০/- | ১৫০/- | | ১,১৫০/- | |
| ০৩ | ২য়/৩য়/সাধারণ শ্রেণীর ঠিকাদার | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ০৪ | বিভিন্ন প্রকার শিল্প কারখানা (কোং লিঃ ব্যাতিত | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ০৫ | সকল প্রকার ট্রেনিং সেন্টার | ১,০০০/- | ১৫০/- | | ১,১৫০/- | |
| ০৬ | স্বর্ণালংকার প্রস্তুত কারক ও বিক্রেতা | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ০৭ | রড, সিমেন্ট ও ঢেউটিন | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ০৮ | ব্রিক ফিল্ড/ইটভাটা | ২,০০০/- | ৩০০/- | | ২০,৩০০/- | |
| ০৯ | পেট্রোল পাম্প | ২,০০০/- | ৩০০/- | | ২০,৩০০/- | |
| ১০ | রাসায়নিক সার ও কীটনাশক | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ১১ | লৌহ জাতীয় দ্রব্যাদি দ্বারা তৈরিকৃত যন্ত্রাদি/ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ১২ | মেশিনারীজ ওয়ার্কসপ/লেদ মেশিন | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ১৩ | রাইচ মিল, বয়েল মিল, ময়দার মিল ও সরিষার মিল ইত্যাদি। | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ১৪ | এ্যালোপ্যাথিক/ হোমিওপ্যাথিক ঔষুধ | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ১৫ | মনোহরী/মুদির দোকান | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ১৬ | ডেইরি ফার্ম, পোল্ট্রী ফার্ম ও মৎস্য খামার | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ১৭ | থান কাপড়/গার্মেন্টস/বস্ত্রালয় | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ১৮ | মোবাইল ফোন/লাইব্রেরী/হার্ডওয়ার | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ১৯ | ধান/চাউল/পাট/আটা-ময়দা/ইত্যাদি | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ২০ | আয়ুর্বেধিক/ইউনানী | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ২১ | ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টার | ২,০০০/- | ৩০০/- | | ২,৩০০/- | |
| ২২ | কিন্ডার গার্টেন | ১,০০০/- | ১৫০/- | | ১,১৫০/- | |
| ২৩ | ক্যাবল টিভি নেটওয়ার্ক | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ২৪ | প্রাইভেট ব্যাংক লিঃ | ২,০০০/- | ৩০০/- | | ২৩০০/- | |
| ২৫ | চানাচুর, ব্রেড ইত্যাদি প্রস্তুত কারক | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |

| ক্রঃ নং | ব্যবসা/পেশার নাম | ধার্য ফি | ভ্যাট ১৫% | কর | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ২৬ | চামড়া | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ২৭ | ডিজেল/কেরোসিন/স্টীল/কয়লা/মাছ/মাংস/ ইত্যাদি | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ২৮ | দর্জি/সেলুন/লন্ড্রি | ২০০/- | ৩০/- | | ২৩০/- | |
| ২৯ | পান/সিগারেট/চা/খুচরা বিক্রেতা | ২০০/- | ৩০/- | | ২৩০/- | |
| ৩০ | কনফেকশনারী/স্টেশনারী/ কসমেটিক | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৩১ | হোটেল/মিষ্টির দোকান | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৩২ | কাঠমিস্ত্রি/রাজ মিস্ত্রি/রং মিস্ত্রি | ২০০/- | ৩০/- | | ২৩০/- | |
| ৩৩ | পুরাতন লোহা/তামা/কাঁসা/পিতল/ প্লাস্টিক/ (ভাঙ্গারী) ইত্যাদি | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৩৪ | রেডিও/ঘড়ী/টেলিভিশন/ফ্রিজ/বৈদ্যুতিক সরঞ্জামাদি | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৩৫ | সাইনবোর্ড/ব্যানার | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৩৬ | কোচিং সেন্টার/রেষ্ট হাউজ | ১,০০০/- | ১৫০/- | | ১,১৫০/- | |
| ৩৭ | সকলপ্রকার কাঁচা মাল | ২০০/- | ৩০/- | | ২৩০/- | |
| ৩৮ | স্যানিটারী ল্যান্ট্রিন/রিং পাইপ | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৩৯ | নির্মান সামগ্রী সরবরাহকারী | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৪০ | ষ্টীল/কাঠ/ফার্ণিচার/ফোম | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৪১ | আমদানী/রপ্তানী | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৪২ | এ্যালোমিনিয়াম/গ্লাস হাউজ | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৪৩ | জুতা/চশমা/সুতা/টুপি/বীজ ইত্যাদি | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৪৪ | ডিম/ঝাঁটা/কাঁচি/খুন্তি/টোপরী/তালাই | ২০০/- | ৩০/- | | ২৩০/- | |
| ৪৫ | ফটোকপি/গেঞ্জি ষ্টোর | ২০০/- | ৩০/- | | ২৩০/- | |
| ৪৬ | ব্যাক্তি পার্টি/প্রমোদ/বিউটি পার্লার | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৪৭ | মাইক/ব্যাটারী সার্ভিস | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৪৮ | বেডিং হাউজ | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৪৯ | অটো রাইচ মিল | ১,০০০/- | ১৫০/- | | ১,১৫০/- | |
| ৫০ | ডেকোরেটর | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৫১ | স্টুডিও | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৫২ | ডেইরী, পোল্ট্রি ও মৎস্য খাদ্য বিক্রেতা | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |

| ক্রঃ নং | ব্যবসা/পেশার নাম | ধার্য ফি | ভ্যাট ১৫% | কর | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৫৩ | বিভিন্ন প্রকার কোম্পানী লিঃ | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৫৪ | কসমেটিকস্ | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৫৫ | ইট, বালি, পাথর ও মাটি | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৫৬ | পার্ক | ৫,০০০/- | ৭৫০/- | | ৫,৭৫০/- | |
| ৫৭ | ইলেকট্রিক/বৈদ্যুতিক সরঞ্জামাদি | ৩০০/- | ৭৫/- | | ৮৭৫/- | |
| ৫৮ | বিভিন্ন পণ্যের পরিবেশক/পরিবহন এজেন্সী | ৫০০/- | ৭৫/- | | ৮৭৫/- | |
| ৫৯ | বিভিন্ন ফল ব্যবসায়ী | ৩০০/- | ৪৫/- | | ৫৪৫/- | |
| ৬০ | কৃষি পণ্যের আড়ৎ | ৩০০/- | ৪৫/- | | ৫৪৫/- | |
| ৬১ | কনসালটেন্সি ফার্ম | ৩০০/- | ৪৫/- | | ৫৪৫/- | |
| ৬২ | সলিসিটর ফার্ম | ৩০০/- | ৪৫/- | | ৫৪৫/- | |
| ৬৩ | কৃষি খামার/দুগ্ধ খামার | ৩০০/- | ৪৫/- | | ৫৪৫/- | |
| ৬৪ | ক্ষুদ্র কুটির শিল্প | ৩০০/- | ৪৫/- | | ৫৪৫/- | |
| ৬৫ | টিভি, ফ্রিজ ও হুন্ডা শো-রুম | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৬৬ | লেয়ার ফার্ম (কোম্পানী লিঃ ব্যাতিত) | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৬৭ | স'মিল (করাত কল) | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৬৮ | মটর ওয়ার্কসপ/গাড়ীর গ্যারেজ | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৬৯ | এক্সভেটর (বেকু) | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৭০ | জেনারেটর | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৭১ | টেক্সটাইল মিল/পাওয়ার লুম/ইউভিং ফ্যাক্টরী (বিদ্যুৎ চালিত) | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৭২ | হস্তচালিত তাঁত ফ্যাক্টরী | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৭৩ | সাধারন ব্যবসা | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৭৪ | গার্মেন্টস (দোকান) | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৭৫ | কাপরের দোকান( মহাজনী/পাইকারী) | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৭৬ | কাপরের দোকান খুচরা বিক্রেতা / থান কাপরের বিক্রেতা | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৭৭ | সার্ভিস-মোবাইল/কম্পিউটার/ইলেকট্রিক/ ভ্যান সাইকেল | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৭৮ | প্রিন্টিং প্রেস/প্রসেস মিল | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৭৯ | ফার্মেসী এলোপ্যাথিক/হোমিও | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৮০ | ঢেউটিনের দোকান | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৮১ | জুয়েলারী শো রুম | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৮২ | জুয়েলারী ওয়ার্কসপ | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৮৩ | চামরার ব্যবসা/গরু-ছাগল সরবরাহকারী | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৮৪ | বিউটি পার্লার/ ডেন্টাল ক্লিনিক | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৮৫ | ভ্যান/রিক্সার লাইসেন্স | ১০০/- | ১৫/- | | ১১৫/- | |
| ৮৬ | ইজি-বাইক ব্যাটারী চালিত | ২০০/- | ৩০/- | | ২৩০/- | |
| ৮৭ | বাঁশ-বেতের ব্যবসা | ২০০/- | ৩০/- | | ২৩০/- | |
| ৮৮ | ল্যাপ-তোষকের ব্যবসা | ২০০/- | ৩০/- | | ২৩০/- | |
| ৮৯ | তাঁত শাড়ী তৈরী/উইভিং ফ্যাক্টরী | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |
| ৯০ | তাঁত সরঞ্জামাদী/ মেশিনারী পার্টস | ৩০০/- | ৪৫/- | | ৩৪৫/- | |
| ৯১ | কারখানা- বেকারী, মিষ্টি | ৫০০/- | ৭৫/- | | ৫৭৫/- | |

## (গ) খোয়াড় ইজারা প্রসঙ্গে আলোচনা ঃ

আলোচ্যসূচী মোতাবেক সভাপতি সাহেব জানান যে, বিগত বছর সমূহে খোয়ার ইজারা বাবদ প্রায় ১০/১৫ হাজার টাকা আয় হতো। বর্তমানে খোয়ার ইজারা প্রথা কার্যক্রম প্রায় বিলুপ্তির পথে। তাছাড়া গত কয়েক বছর যাবৎ উহার ইজারার ক্ষেত্রে প্রতিযোগীতামূলক প্রার্থী না থাকায় বাস্তবতার আলোকে এই খাতে আয়ের মাত্রা শূন্যের কোঠায়। বিভিন্ন খাতে ব্যয়ের মাত্রা বৃদ্ধি পেলেও আয়ের খাত বাড়েনি। এমতাবস্থায় আয়-ব্যয়ের ভার সাম্যতা রক্ষার জন্য আগামী ২০২৩-২০২৪ অর্থ বছর হতে যাতে খোয়ার ইজারা কাঙ্খিত মূল্যে চালু হয় সে বিষয়ে উপস্থিত সকলেই একমত পোষণ করেন।

(ঘ) আলোচ্যসূচি মোতাবেক সভাপতি মহোদয় ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য প্রস্তুতকৃত খসড়া বাজেটের বিভিন্ন খাতওয়ারী আয় ব্যয়ের তথ্যাদি পরীক্ষা নিরীক্ষা করতঃ সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থিত সকলের প্রতি আহবান জানান। সভাপতি মহোদয় আরো জানান যে, গত ১৮/০৪/২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত ইউপি উন্মুক্ত বাজেট সভায় উন্নয়ন খাতে ব্যয়/বরাদ্দ বিষয়ে জনসাধারনের নিকট হতে বেশকিছু মতামত তথা প্রস্তাব গ্রহন করা হয়েছে। উক্ত মতামত তথা প্রস্তাবসমূহ গুরুত্ব সহকারে বিবেচনা করে বাজেট চূড়ান্ত করার জন্য অনুরোধ জানান। অতঃপর উন্মুক্ত বাজেট সভায় গৃহিত মতামত ও প্রস্তাবসমূহ একত্রিত করে উহার উপর দীর্ঘ সময় আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনান্তে জনসাধারনের মতামতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে স্বাস্থ্য খাতের বরাদ্দ ২,৫০,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ৫,০০,০০০/-, যোগাযোগ খাতের বরাদ্দ ৫৫,০০,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ৬৪,৩৫,০৬২.২০/- টাকা, শিক্ষা খাতের বরাদ্দ ২,০০,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ৪,৫০,০০০/- টাকা করার জন্য জনাব আব্দুল হামিদ ও জনাব গাজী খান সাহেব প্রস্তাব করিলে উক্ত প্রস্তাব জনাব মো: শামচুজ্জামান ও জনাব মোঃ আলাউদ্দিন সদস্য সাহেবের সমর্থনে ও সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।

পরিশেষে ২০২৩-২০২৪ অর্থবৎসরে রাজস্ব ও উন্নয়ন খাত মিলিয়ে সর্বমোট আয় ১,৬৩,০৪,৪৬৮.৬২/- ব্যয় ১,৫৯,৬৯,৪০৬.৪২/- টাকা উদ্বৃত্ত, ৩,৩৫,০৬২.২০/- টাকা সম্বলিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত হয়। অদ্যকার সভার কার্যবিবরণী সহ অনুমোদিত বাজেটের তিন কপি বই আকারে চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতী মহোদয়ের নিকট জমা দেওয়ার জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ জানানো হয়।

বিবিধ ঃ বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিয়া সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ ফরিদ আহমেদ)
চেয়ারম্যান
৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
কালিহাতী, টাংগাইল।

# উন্মুক্ত বাজেট সভার কার্য্যবিবরণীর অনুলিপি

সভাপতি ঃ জনাব মোঃ ফরিদ আহমেদ, চেয়ারম্যান, ৯নং বল্লা ইউনিয়ন পরিষদ, কালিহাতী, টাংগাইল।

সভার স্থান ঃ ৯নং বল্লা ইউনিয়ন পরিষদ আঙ্গিনা, কালিহাতী, টাংগাইল।

সভার তারিখ ঃ ১৮/০৪/২০২৩ ইং, সময় ঃ সকাল- ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত উপজেলা পর্যায়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, কর্মচারী, সাংবাদিক, ইউপি সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের স্বাক্ষর।

## পৃথক হাজিরা রেজিস্টার মোতাবেক সংরক্ষিত

২০২৩-২০২৪ ইং অর্থবৎসরের উন্মুক্ত বাজেট সভায় আমন্ত্রিত প্রধান অতিথি জনাব মোঃ শিহাব উদ্দিন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ও উপসহকারী প্রকৌশলী জনাব মিন্টু মিয়া এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তা জনাব মোঃ আঃ রশিদ সাহেবকে মঞ্চে এসে আসন গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়। অতঃপর উন্মুক্ত বাজেট সভায় পদাধিকার বলে সভাপতির আসন গ্রহন করেন অত্র ইউনিয়ন পরিষদের স্বনাম ধন্য চেয়ারম্যান জনাব মোঃ ফরিদ আহমেদ সাহেব

সভার শুরুতেই পবিত্র কোরআন তেলাওয়াত করেন রামপুর বাজার জামে মসজিদের ইমাম জনাব মোঃ আব্দুর রহিম সাহেব ও গীতা পাঠ করেন জনাব নীল কমল সরকার সাহেব। সভাপতি মহোদয় তাহার স্বাগত বক্তব্যের শুরুতেই উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন যে, বাজেট অধিবেশন একটি গুরুত্বপূর্ণ বিষয়। ২০২৩-২০২৪ অর্থবৎসরে অত্র বল্লা ইউনিয়নের সার্বিক উন্নয়ন কর্মকান্ডের প্রতিফলন অদ্যকার উন্মুক্ত বাজেট সভা। সম্মানিত উপস্থিত গণকে ধর্য্য সহকারে বসে খসড়া বাজেটের বিভিন্ন খাত পরীক্ষা নিরীক্ষা করে গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদান সহ সার্বিক সহযোগিতা প্রদানের আহবান জানান এবং সভা পরিচালনা করার জন্য ইউপি সচিব সাহেবকে অনুরোধ জানান। অতঃপর উপস্থিত অতিথিবৃন্দ শিক্ষক, সাংবাদিক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের নিকট (পূর্বে যাহারা পায়নি) খসড়া বাজেটের কপি বিতরন করা হয়।

ইউপি সচিব জনাব মোহাম্মদ আব্দুস ছাত্তার সাহেব গত বছরের প্রকৃত আয় ব্যয় বর্তমান বছরের বাজেট বাস্তবায়ন অগ্রগতি এবং আগামী বছরের প্রস্তাবিত খসড়া বাজেটের খাতভিত্তিক পূর্ণাঙ্গ চিত্র সভায় উপস্থাপন করেন। উপস্থিত অংশগ্রহনকারীদের খসড়া বাজেটের উপর আলোচনায় অংশগ্রহন সহ বিগত বছরের বাজেট বাস্তবায়নের উপর কোন পরামর্শ থাকলে তা প্রশ্ন আকারে ব্যক্ত করার জন্য এবং আলোচনা পর্যালোচনার প্রেক্ষিতে প্রস্তাবিত বাজেটে প্রয়োজনীয় জনগুরুত্বপূর্ণ বিষয়ে পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন, বিয়োজন ইত্যাদি করা হবে মর্মে জানান। এরপর আলোচনায় অংশ নিয়ে জনাব আব্দুল হামিদ ও জনাব গাজী খান সাহেব জানান যে, ইউনিয়ন পরিষদের রাজস্ব আয় কাঙ্খিত নয়। বাজেট পর্যালোচনায় দেখা যায় চলতি সনে কর খাতে বকেয়া সহ হাল দাবি ১৬,০০,০০০/- টাকা বিগত বছরের প্রকৃত আয় ১৫,৮০,৩৯৮/- টাকা যাহা মাইল ফলক বলা চলে। আয়-ব্যয়ের এই ধারাবাহিকতা ভবিষ্যতে রক্ষার জন্য ইউনিয়ন পরিষদের প্রতি অনুরোধ জানানো হয়।

শুধু সরকারি অনুদানের উপর নির্ভর করে এলাকার উন্নয়ন করা যাবে না। নিজস্ব রাজস্ব আয় বৃদ্ধি করে গ্রামীণ ছোটখাটো রাস্তাঘাট মেরামত প্রকল্প গ্রহন করার প্রতি গুরুত্ব আরোপ করেন। জনাব এইচ এম এরশাদ, (শিক্ষক) সাহেব জানান যে, কৃষি নির্ভর এই দেশে কৃষি খাতে মাত্র ১,৫০,০০০ টাকা সম্ভাব্য ব্যয় ধার্য আছে যা খুবই অপ্রতুল। কৃষি খাতের ব্যয় বৃদ্ধির একাধিক প্রস্তাবের প্রেক্ষিতে ১,৫০,০০০ টাকার স্থলে ৪,৫০,০০০ টাকা সংশোধন করা হয়। জনাব মোঃ মঞ্জুর হাসান, সাকিন-রামপুর জানান যে, পূর্বের তুলনায় স্কুল কলেজে পড়ুয়া শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা অনেক গুণে বৃদ্ধি পেয়েছে। শিক্ষার উন্নতি ব্যতিত দেশ ও জাতির উন্নয়ন কোনভাবেই সম্ভব নয়। জরাজীর্ণ শিক্ষা প্রতিষ্ঠানের উন্নতি কল্পে শিক্ষখাতের বরাদ্দ ৩,৫০,০০০ টাকা হতে বৃদ্ধি করার অনুরোধ জানান। অতঃপর বিভিন্ন জনের পরামর্শের প্রেক্ষিতে শিক্ষাখাতের ব্যয় ৩,৫০,০০০ টাকা হতে ৪,৫০,০০০ টাকায় উন্নিত করা হয়। জনাব হাজী আনিছুর রহমান সাহেব জানান যে, এলাকায় নলকূপ স্থাপন অত্যন্ত ব্যয়বহুল। দরিদ্র জনসাধারণ বিশুদ্ধ পানি ও স্যানিটেশন সমস্যায় জর্জরিত। আগামী অর্থবৎসরে যাতে পর্যাপ্ত নলকূপ স্থাপন ও সেনিটেশন সামগ্রী বিতরন করা হয় সে জন্য স্বাস্থ্য খাতে বরাদ্দ বৃদ্ধির অনুরোধ জানান। দরিদ্র জনসাধারনের স্বাস্থ্যসেবার বিষয়টি মানবিক দৃষ্টিকোণ হতে বিবেচনা করতঃ স্বাস্থ্য খাতের বরাদ্দ ২,০০,০০০ টাকা হতে ৫,০০,০০০ টাকা উন্নিত করা হয়।

জনাব মোঃ আঃ রশিদ, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, উন্মুক্ত বাজেট সভা আয়োজন করায় চেয়ারম্যান মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন যে, সর্বস্তরের জনগণের উপস্থিতিতে এরকম প্রকাশ্য বাজেট সভা আমার জীবনে এই প্রথম। জনসাধারনের মতামতের প্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ বাজেট প্রনয়ন ও বাস্তবায়ন একটি যুগান্তকারী পদক্ষেপ। বাংলাদেশের প্রতিটা ইউনিয়ন পরিষদ যদি এভাবে জনগণের মতামত নিয়ে বাজেট ও উন্নয়ণমূলক কর্মকান্ড পরিচালনা করে তাহলে ইউনিয়ন পরিষদের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে এবং দেশ এগিয়ে যাবে। জনকল্যাণে ভবিষ্যতে এ ধারা অব্যাহত রাখার জন্য তিনি চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানান।

জনাব মিন্টু মিয়া উপসহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কালিহাতী মহোদয় তাহার বক্তব্যে বলেন যে, স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন-২০০৯ অনুযায়ী প্রত্যেক ইউনিয়ন পরিষদ প্রতি অর্থবৎসর শুরু হওয়ার অনূন্য ৬০ দিন পূর্বে নির্ধারিত পদ্ধতিতে ওয়ার্ড সভা হতে প্রাপ্ত অগ্রাধিকারের ভিত্তিতে উক্ত অর্থবৎসরের সম্ভাব্য আয় ও ব্যয় বিবরনী সম্বলিত একটি বাজেট প্রনয়ন করে ইউনিয়ন পরিষদের বিশেষ সভায় অনুমোদন করে ৩১ মে তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট জমা দেওয়ার বিধান আছে। সরকারি বিধি বিধানের আলোকে অনুষ্ঠিত অদ্যকার বাজেট সভায় আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত থাকতে পেরে নিজেকে ধন্য মনে করেন একই সাথে আগামী অর্থবৎসরে বিভিন্ন খাতে সম্ভাব্য প্রাপ্য সরকারী অনুদানের পাশাপাশি নিজস্ব আয় বৃদ্ধি করে জনগণের চাহিদা মোতাবেক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করে এলাকার উন্নয়ন করার জন্য অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদ কর্তৃক গৃহিত ও বাস্তবায়িত সকল উন্নয়ন প্রকল্পে সহযোগিতা করে সরকারি সম্পদের সুষ্ঠু ব্যবহারে অগ্রণী ভূমিকা রাখার জন্য জনগণের প্রতি আহবান জানান এবং ইউপি কর্তৃক ধার্যকৃত বিভিন্ন খাতের কর, ফি: টোল সময়মত পরিশোধ করার জন্য জনগণের প্রতি অনুরোধ জানান।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত জনাব মোঃ শিহাব উদ্দিন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিহাতী, টাঙ্গাইল মহোদয় তার বক্তব্যের শুরুতেই অদ্যকার বাজেট সভার আমন্ত্রন ও উপস্থিত থাকতে পেরে তিনি নিজেকে ধন্য মনে করেন এবং জবাবদিহিতা ও স্বচ্ছতার অংশ হিসেবে উন্মুক্ত বাজেট সভার আয়োজন করায় তিনি ইউনিয়ন পরিষদ কর্তৃপক্ষের প্রতি কালিহতী উপজেলা প্রশাসনের পক্ষ থেকে  আন্তরিক ধন্যবাদ জানান। ইউনিয়ন পরিষদ প্রশাসনের সর্বনিম্ন স্তর হলেও স্থানীয় উন্নয়নের কেন্দ্রবিন্দু হচ্ছে ইউনিয়ন পরিষদ। সাংবিধানিক অঙ্গীকার অনুযায়ী সরকার প্রশাসনের সকল পর্যায়ে নির্বাচিত প্রতিনিধিদের ক্ষমতায়ন এবং উন্নয়ন প্রশাসনে কার্যকর অংশগ্রহন নিশ্চিত করার লক্ষ্যে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় প্রাচীনতম স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে ইউনিয়ন পরিষদকে শক্তিশালী ও কার্যকর সেবামূলক প্রতিষ্ঠানে রুপান্তরের পদক্ষেপ নেওয়া হয়েছে। স্থানীয় সরকার বিভাগ মনে করেন এজন্য শুধু দায়িত্ব প্রদানই যথেষ্ট নয় বরং দায়িত্ব পালনের জন্য পর্যাপ্ত ক্ষমতা ও আর্থিক স্বাধীনতা প্রদান, সক্ষমতা বৃদ্ধি এবং স্থানীয় পর্যায়ে পরিকল্পনা প্রনয়ন ও তা বাস্তবায়নের সকল পর্যায়ে জনঅংশগ্রহন নিশ্চিত করা আবশ্যক। নারী উন্নয়ন ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় হতে ইউনিয়ন পরিষদের অনুকুলে যে বরাদ্দ স্থানান্তর করা হচ্ছে তার ৩০% অর্থ মহিলাদের দ্বারা অগ্রাধিকার প্রাপ্ত স্কীম বাস্তবায়নে ব্যয় করতে হবে।

পরিশেষে উন্নয়ন সহায়তা ও অনুদানের জন্য কেন্দ্রিয় সরকারের মুখাপেক্ষি না হয়ে স্থানীয়ভাবে নিজস্ব আয় বৃদ্ধি করে এলাকার উন্নয়নে অবদান রাখার জন্য ইউপি কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানান এবং ভবিষ্যতে বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়ায় উন্মুক্ত সভার আয়োজন করে স্থানীয় জনগণের মতামতকে অগ্রাধিকার দেওয়ার জন্য পরামর্শ দেন। বল্লা ইউনিয়ন পরিষদের বিগত দিনের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের ধারিবাহিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা অন্যদের অনুসরন ও অনুকরনের জন্য মাইলফলক হিসেবে ব্যবহৃত হচ্ছে। অত্র পরিষদের বর্তমান কাজের ধারা অব্যাহত থাকলে আগামী দিনগুলোতে বল্লা ইউনিয়ন পরিষদ, কালিহাতী উপজেলা তথা টাঙ্গাইল জেলার মধ্যে মডেল ইউনিয়ন হিসেবে পরিচিতি লাভ করবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

স্থানীয় সরকার ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ধারা ৫৭ অনুযায়ী প্রত্যেক ইউনিয়ন পরিষকে ওয়ার্ড সভা হতে প্রাপ্ত তথ্যাদির আলোকে সম্ভাব্য আয় ও ব্যয় বিবরনী সহ বার্ষিক বাজেট প্রনয়নের ক্ষমতা দেওয়া হয়েছে। প্রশাসনের বিভিন্ন স্তরের সরকারী কর্মকর্তা ও কর্মচারী স্থানীয় সাংবাদিক ইলেকট্রনিক প্রিন্ট মিডিয়ার কর্মী, স্থানীয় সুশীল সমাজের প্রতিনিধিগণের স্বঃতস্ফূর্ত অংশগ্রহনে প্রাণবন্ত অদ্যকার আলোচনায় বাজেটের বিভিন্ন খাতে প্রয়োজনীয় পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন ও বিয়োজন করার জন্য ইউপি কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদের বিশেষ সভায় বাজেট অনুমোদনের পূর্বে নারীর ক্ষমতায়ন, শিশুদের ও যুবকদের কল্যাণ, প্রতিবন্ধী এবং বয়স্কদের পর্যাপ্ত সুযোগ সুবিধা আছে কিনা তা গুরুত্ব সহকারে বিবেচনা করে বাজেট অনুমোদনের পরামর্শ দেন এবং ভবিষ্যতে উন্মুক্ত বাজেট সভার মাধ্যমে সফল কৃষক, সর্বাধিক বৃক্ষরোপনকারী ও নিয়মিত করদাতাকে উপস্থিত রেখে পুরস্কার প্রদান করে অন্যদের উৎসাহ বৃদ্ধি করার জন্য গুরুত্ব আরোপ করেন। পরিশেষে সরকারী কর্মসূচির অংশ হিসেবে উপজেলা পর্যায়ের সরকারী কর্মকর্তা, কর্মচারী, সাংবাদিক, ইলেকট্রনিক প্রিন্ট মিডিয়ার কর্মী, স্থানীয় বিভিন্ন স্তরের জনসাধারণের উপস্থিতিতে উন্মুক্ত বাজেট সভার আয়োজন করায় তিনি ইউনিয়ন পরিষদ কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান।

বিবিধ আলোচনায় অন্য কোন আলোচনা না থাকায় অদ্যকার উন্মুক্ত বাজেট সভায় উপস্থিত থেকে মূল্যবান পরামর্শ প্রদানের জন্য সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিয়া সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষর/অস্পষ্ট
১৮-০৪-২০২৩ইং
(মোঃ ফরিদ আহমেদ)
চেয়ারম্যান
ও
সভাপতি
উন্মুক্ত বাজেট সভা
৯নং বল্লা ইউনিয়ন পরিষদ
কালিহাতী, টাঙ্গাইল।